(আমি) শ্রাবণ-আকাশে ওই দিয়েছি পাতি
মম জল-ছলোছলো আঁখি মেঘে মেঘে ॥
(আমার বেদনা ব্যাপিয়া যায় গো বেণুবনমর্মরে মর্মরে ॥)
বিরহদিগন্ত পারায়ে সারা রাতি
অনিমেষে আছে জেগে মেঘে মেঘে ॥
(বিরহের পরপারে খুঁজিছে আকুল আঁখি
মিলনপ্রতিমাখানি— খুঁজিছে ।)
যে গিয়েছে দেখার বাহিরে
আছে তারি উদ্দেশে চাহি রে ।
(সে যে চোখে মোর জল রেখে গেছে চোখের সীমানা পারায়ে ।)
স্বপ্নে উড়িছে তারি কেশরাশি
পুরব-পবন-বেগে মেঘে মেঘে ॥
(কেশের পরশ তার পাই রে
পুরব-পবন-বেগে মেঘে মেঘে ।)
শ্যামল তমালবনে
যে পথে সে চলে গিয়েছিল বিদায়গোধূলিখনে
বেদনা জড়ায়ে আছে তারি ঘাসে—
(তার না-বলা কথার বেদনা বাজে গো—
চলার পথে পথে বাজে গো ।)
কাঁপে নিশ্বাসে—
সেই বারে বারে ফিরে ফিরে চাওয়া
ছায়ায় রয়েছে লেগে মেঘে মেঘে ॥

---

Parjaay: Bichitro, Taal: Kaharwa, Raag: Sahana
Visit www.geetabitan.com for notation and other detail